

জাত পরিচিতি

ব্রি ধান৪৮ ব্রি উদ্ভাবিত রোপা আউশ মৌসুমের জন্য অনুমোদিত ধানের একটি জাত। জাতটি ২০০৮ সালে জাতীয় বীজবোর্ড কর্তৃক অনুমোদন প্রাপ্ত হয়। অধিক ফলনশীল এ জাতটি সাধারণ রোপা আউশ এলাকার জন্য উপযোগী

জাতের বৈশিষ্ট্য

- ▶ আগাম জাত।
- ▶ গাছের উচ্চতা ১০৫ সেন্টিমিটার।
- ▶ কাণ্ড শক্ত।
- ▶ চাল মাঝারি মোটা ও সাদা।
- ▶ চালে থ্রোটিনের পরিমাণ ৮.৫%।

জীবনকাল

জাতটির জীবনকাল ১১০ দিন।

ফলন

উপযুক্ত পরিচর্যা পেলে বিআর৪৮ হেক্টর প্রতি ৫.৫ টন ফলন দিয়ে

চাষাবাদ পদ্ধতি

১. বীজতলায় বীজ বপনঃ ৫- ১৭ বৈশাখ(১৮-৩০ এপ্রিল)।
২. চারার বয়সঃ ২০-২৫ দিন।
৩. রোপণ দূরত্ব : ২০X ১৫ সেন্টিমিটার।
৪. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):
 - ৪.১ ইউরিয়া টিএসপি এমপি জিপসাম জিঙ্কসালফেট
২০ ৭ ১০ ৫ ০.৭
 - ৪.২ ইউরিয়া সার সমান ২ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি শেষ চাষের সময় এবং ২য় কিস্তি চারা গজানোর ৩০-৪০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করাই উত্তম।
৫. আগাছা দমনঃ চারা রোপণের পর অন্তত ৩০-৪০ দিন পর্যন্ত জমি জমি আগাছামুক্ত রাখতে হবে।
৬. রোগবালাই দমনঃ অনুমোদিত বালাই দমন ব্যবস্থা অনুসরণ করতে হবে।
৭. ফসল কাটাঃ ৩০ শ্রাবণ থেকে ২০ ভাদ্রের মধ্যে (১৫ আগষ্ট থেকে ৪ সেপ্টেম্বর) ধান কাটা যায়।

মন্তব্যঃ ব্রিধান ৪৮ পাতাপোড়া রোগ কিছুটা প্রতিরোধ করতে পারে।



ব্রি ধান৪৮